দৈনিক বাংলা

১

তারিখ 10 FEB 1992
পৃষ্ঠা ১ কলাম ৭

বেসরকারী শিক্ষক ধর্মঘট চলছে ঃ আলোচনা ব্যর্থ

# আজ ঢাকা ও চট্টগ্রাম ভার্সিটি ডিগ্রী পরীক্ষা শুরু

স্টাফ রিপোর্টার ঃ আজ সোমবার থেকে ঢাকা ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ডিগ্রী (পাস) ও সাবসিডিয়ারী পরীক্ষা শুরু হচ্ছে।

পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের জন্য সম্ভাব্য সবরকম ব্যবস্থা নেয়া হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। এদিকে বেসরকারী কলেজ শিক্ষক ধর্মঘট চলছে। আলোচনাব্যর্থহয়েছে।

ঢাকা ও চট্টগ্রাম বিশ্ববিদালয় থেকে এবার প্রায় সোয়া লাখ ছাত্রছাত্রীর ডিগ্রী (পাস) ও সাবসিডিয়ারী পরীক্ষায় অবতীর্ণ হবার কথা। এর মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রছাত্রীর সংখ্যা প্রায় ৮৫ হাজার।

এক তথ্য বিবরণীতে বলা হয়, শান্তিপূর্ণ উপায়ে পরীক্ষা অনুষ্ঠানের জন্য সরকার আইন-শৃঙ্খলা রক্ষার সকল ব্যবস্থা গ্রহণ করেছেন। বেসরকারী কলেজ শিক্ষকদের ধর্মঘটের ফলে উদ্ভূত পরিস্থিতির কারণে জেলা ও উপজেলা পর্যায়ে সরকারী কর্মকর্তাদের পরীক্ষা গ্রহণের

(৪-এর পৃঃ দ্রঃ)

## পরীক্ষা শুরু (প্রথম পৃঃ পর)

দায়িত্ব প্রদানের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকেনির্দেশ দেয়া হয়েছে।

কেউ পরীক্ষায় কোন প্রকার বিঘ্ন সৃষ্টির চেষ্টা করলে তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষাসমূহের নিয়ন্ত্রক গত রাতে জানান ঃ সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানের জন্য সম্ভাব্য সব রকম ব্যবস্থা সম্পন্ন হয়েছে। প্রত্যেক জেলা প্রশাসক বা তাদের মনোনীত প্রতিনিধিদের সরাসরি তদারকীতে এই পরীক্ষা অনুষ্ঠিত হবে। আইন-শৃঙ্খলা পরিস্থিতির দিকেতাঁরাই নজর রাখবেন।

পরীক্ষাসমূহের নিয়ন্ত্রক আরো জানান ঃ এই বিশ্ববিদ্যালয়ের অধীন প্রায় ২০০ কলেজের ১৩২টি কেন্দ্রে ডিগ্রী (পাস) ও সাবসিডিয়ারী পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। এসব কেন্দ্রে এ্যাডমিট কার্ড ও খাতা যথাসময়ে পৌছান হয়েছে। সংশ্লিষ্ট কেন্দ্র ও কলেজ কর্তৃপক্ষ এসব সংগ্রহ করেছেন বলে তিনি উল্লেখ করেন।

রাজধানী ঢাকা শহরের ১৯টি কেন্দ্রে ডিগ্রী (পাস) ও সাবসিডিয়ারী পরীক্ষা হবে। এর মধ্যে ঢাকা কলেজ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ, ইডেন কলেজ, বদরুন্নেছা কলেজও রয়েছে। আজ বাংলা পরীক্ষা। সকাল ১০টা থেকে ১টা পর্যন্ত পরীক্ষা হবার কথা।

এদিকে পরীক্ষা কি আদৌ অনুষ্ঠিত হবে? এ ধরনের জিজ্ঞাসা ও সংশয় নিয়ে অসংখ্য অভিভাবক ও পরীক্ষার্থী দ্বিধা-দ্বন্দ্বে ও অনিশ্চয়তায় ভুগছেন। একদিকে বেসরকারী শিক্ষক-কর্মচারীদের ধর্মঘট অন্যদিকে পরিবহণ ধর্মঘটের কারণে এই অনিশ্চয়তা। পরীক্ষা যথানিয়মে অনুষ্ঠিত হলেও পরিবহণ ধর্মঘটের কারণে পরীক্ষার্থীরা যথাসময়ে কেন্দ্রে পৌছাতে পারবেন কিনা এ নিয়ে যথেষ্ট দ্বিধা-দ্বন্দ্ব রয়েছে।

এদিকে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন, কেন্দ্রীয় শিক্ষক সংগ্রাম লিয়াজোঁ কমিটি, বাংলাদেশ শিক্ষক সমিতি, শিক্ষক সমিতি ঐক্যফ্রন্ট ও শিক্ষা প্রতিষ্ঠান কর্মচারী ফেডারেশনের নেতৃবৃন্দ রোববার পৃথক বিবৃতিতে জানান ঃ শিক্ষামন্ত্রী ও প্রতিমন্ত্রীর সঙ্গে তাদের আলোচনা ব্যর্থ হয়েছে। এ কারণে তাদের আজকের অনুষ্ঠিতব্য ডিগ্রী পরীক্ষা বর্জনসহ ধর্মঘটের কর্মসূচী অব্যাহত থাকবে। পনের দফা দাবীতে আজ তারা প্রতিটি বৃহত্তর জেলা সদরে জেলা প্রশাসকের অফিসের সামনে অবস্থান ধর্মঘট এবং ঢাকায় জাতীয় প্রেসক্লাব ও শিক্ষা ভবনের সামনে অবস্থান ধর্মঘট পালন করবেন।

বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নেতৃবৃন্দ অপর এক বিবৃতিতে শিক্ষকদের ন্যায্য দাবী মেনে নেয়ার আহবান জানিয়েছেন।